বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা-১৩৪৩
প্রশাসন অধিশাখা
www.bpatc.gov.bd

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের নৈতিকতা কমিটির ২০২৩-২৪ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২০২৪) সভার কার্যবিবরণী

সভাপতি	: মোঃ আশরাফ উদ্দিন রেক্টর (সচিব)
সভার তারিখ	: ২০ মে ২০২৪
সভার সময়	: সকাল ১০:৩০ মিনিট
স্থান	: রেক্টর'র কনফারেন্স রুম, আইটিসি
সভার উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করা হয়। সভার আলোচ্যসূচিসমূহ নিম্নরূপ:

ক. পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ;
খ. পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
গ. কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২০২৪) কার্যক্রমের বাস্তবায় অগ্রগতি পর্যালোচনা;
ঘ. ২০২৪-২৫ অর্থবছরের নির্দেশিকা অনুযায়ী কেন্দ্রের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রম নির্ধারণ;
ঙ. বিবিধ।

আলোচ্যসূচি ক: পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ;

সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কমিটির সকল সদস্যকে কার্যবিবরণীর কপি সরবরাহ করা হয়। কোন সংশোধনী না থাকায় কমিটির সদস্যগণের সম্মতিতে পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্যসূচি খ: পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং কেন্দ্রের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২০২৪) কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা- এ পর্যায়ে আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন ও পর্যালোচনা করা হয় এবং ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২০২৪) কার্যক্রমের বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.ন.	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী
১.১	নৈতিকতা কমিটির সভা আয়োজন	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৪ (চার) টি ত্রৈমাসিকে ০৪ (চার) টি নৈতিকতা কমিটির সভা আয়োজন করা হয়েছে। পরবর্তী অর্থবছরের সভা নির্ধারিত সময়ের মধ্যে আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়।	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নৈতিকতা কমিটির পরবর্তী অর্থবছরের সভা নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন করতে হবে। **বাস্তবায়নে:** ফোকাল পয়েন্ট ও সংশ্লিষ্ট কমিটি
১.২	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়।	নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। **বাস্তবায়নে:** ফোকাল পয়েন্ট/সংশ্লিষ্ট বিভাগ/ অনুবিভাগ প্রধান
১.৩	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪র্থ ত্রৈমাসিকে ০১ টি সুশাসন	লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে 'সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত মাঠ পর্যায়ের অফিসে

ক্র.ন.	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী
	(stakeholders) অংশগ্রহণে সভা	প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। ২০২৩-২৪ নির্দেশিকা অনুযায়ী 'সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত মাঠ পর্যায়ের অফিসে অংশীজনের অংশগ্রহণে সভা' আরপিএটিসি'র বিভিন্ন ক্রয় ও উন্নয়নমূলক কার্যক্রমে অংশগ্রহণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি, বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী এবং অনুষদ সদস্য বহির্ভূত বিভিন্ন প্রশিক্ষণে সেশন পরিচালনাকারী রিসোর্স পার্সনের অধিক অংশগ্রহণে আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়।	অংশীজনের অংশগ্রহণে সভা' রেক্টর মহোদয়ের সভাপতিত্বে আয়োজন করতে হবে। আরপিএটিসি'র বিভিন্ন ক্রয় ও উন্নয়নমূলক কার্যক্রমে অংশগ্রহণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি, বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী এবং অনুষদ সদস্য বহির্ভূত বিভিন্ন প্রশিক্ষণে সেশন পরিচালনাকারী রিসোর্স পার্সনের অধিক অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে। **বাস্তবায়নে:** ফোকাল পয়েন্ট ও উপপরিচালক (আরপিএটিসি সকল)
১.৪	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪র্থ ত্রৈমাসিকে বিপিএটিসি'র ৫০ জন কর্মকর্তাকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।	নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান যথাসময়ে নিশ্চিত করতে হবে। **বাস্তবায়নে:** ফোকাল পয়েন্ট ও পরিচালক (পিপিআর)
১.৫	কর্ম-পরিবেশ উন্নয়ন ক) পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি খ) ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি	বিটিএটিসি'র ২য় ও ৪র্থ ত্রৈমাসিকে নিম্নোক্ত দুইটি কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। ক) পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি: পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির কার্যক্রমটি ২৮ ডিসেম্বর ২০২৩ তারিখে সম্পন্ন করা হয়েছে। সার্বিক পরিচ্ছন্নতা বৃদ্ধির কার্যক্রমটি বছরব্যাপী চলমান রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়। খ) ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি: কার্যক্রমটি আগামী ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে সম্পন্নকরণের নির্দেশনা প্রদান করা হয়।	ক) কার্যক্রমটি ২৮/১২/২০২৩ তারিখে সম্পন্ন করা হলেও পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান বছরব্যাপী অব্যাহত থাকবে। খ) ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিতকরণ আগামী ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে সম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে:** পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (সেবা)
১.৬	আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান	সভায় জানানো হয় যে, বিপিএটিসি'র আওতাধীন আঞ্চলিক কেন্দ্র কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত ৩য় সভা গত ১৮ এপ্রিল ২০২৪ তারিখে আয়োজন করা হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী পরবর্তী অর্থবছরের ফিডব্যাক প্রদান সভা নির্ধারিত মধ্যে আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়।	নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী পরবর্তী অর্থবছরের ফিডব্যাক প্রদান সভা নির্ধারিত মধ্যে আয়োজন করতে হবে। **বাস্তবায়নে:** (এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (সকল)
২.২	অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের)	৪র্থ ত্রৈমাসিকে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ১০০% বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। গত ১৬ মে ২০২৪ তারিখ পর্যন্ত ৬৬.৯৫% (রাজস্ব) ও ৩০ এপ্রিল ২০২৪ তারিখ পর্যন্ত ৬৮.৫২% (উন্নয়ন) অর্জিত হয়েছে মর্মে সভায় তথ্য উপস্থাপন করা হয়। এছাড়াও লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের জন্য সচেষ্ট থাকা ও ক্রয় কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়।	৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে আবশ্যিকভাবে লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০% বার্ষিক ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। এছাড়া ৪র্থ ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের জন্য সচেষ্ট থাকা ও ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। **বাস্তবায়নে:** প্রকল্প বিভাগ/ সহকারী পরিচালক (ক্রয় ও ভান্ডার)
২.৩	বাজেট বাস্তবায়ন	৪র্থ ত্রৈমাসিকে বার্ষিক বাজেটের ১০০% বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। গত ১৬ মে ২০২৪ তারিখ পর্যন্ত ৫৭.৯০% অর্জিত হয়েছে	৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০% বার্ষিক বাজেটের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। এছাড়া ৪র্থ ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী

ক্র.ন.	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী
		মর্মে সভাকে অবহিত করা হয়। এছাড়াও লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের জন্য সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করা হয়।	বাস্তবায়নের জন্য সচেষ্ট থাকতে হবে। **বাস্তবায়নে:** উপপরিচালক (অর্থ)
২.৪	প্রকল্পের PIC সভা আয়োজন	প্রকল্পের ৪টি PIC সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। ৪র্থ ত্রৈমাসিকের PIC সভাটি নির্ধারিত সময়ের মধ্যে আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	আগামী ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের PIC সভা আয়োজন করতে হবে। **বাস্তবায়নে:** এমডিএস (প্রকল্প)/ পরিচালক (প্রকল্প)
৩.১	সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ	সভাকে অবহিত করা হয় সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। সরকারি যানবাহন ব্যবস্থাপনার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে অধিকতর সতর্ক হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	অর্থবছর শেষে সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার সংক্রান্ত প্রত্যয়ন পত্র প্রেরণ করতে হবে। **বাস্তবায়নে:** সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
৩.২	কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারী কল্যাণ তহবিল হতে চিকিৎসাজনিত আর্থিক অনুদান প্রদান	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারী কল্যাণ তহবিল হতে চিকিৎসাজনিত আর্থিক অনুদান প্রদানের জন্য ৪র্থ ত্রৈমাসিকে ০১টি সভা নির্ধারিত ছিল যা গত ২৫ এপ্রিল ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উল্লেখ্য, সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ১০ জনকে চিকিৎসাজনিত আর্থিক অনুদান প্রদান করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়।	কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারী কল্যাণ তহবিল হতে চিকিৎসাজনিত আর্থিক অনুদান প্রদানের কার্যক্রমটি সম্পন্ন হয়েছে। **বাস্তবায়নে:** সহকারী পরিচালক (সাধারণ)
৩.৩	প্রশিক্ষণার্থীদের প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান ও ঔষধ সরবরাহ	বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে আগত প্রশিক্ষণার্থীদের কেন্দ্রের মেডিকেল সেন্টার হতে প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান ও ঔষধ সরবরাহ করা হয় মর্মে সভাকে অবহিত করা হয়। উল্লেখ্য, ১৫ মে ২০২৪ তারিখ পর্যন্ত ৬০৫ জন প্রশিক্ষণার্থীকে প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান ও ঔষধ সরবরাহ করা হয়েছে।	কেন্দ্রের মেডিকেল সেন্টার হতে প্রশিক্ষণার্থীদের প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান ও ঔষধ সরবরাহ নিশ্চিত করতে হবে এবং আগামী ৩০ জুন ২০২৪ তারিখ পর্যন্ত ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। **বাস্তবায়নে:** মেডিক্যাল অফিসার-১
৩.৪	ইআরপি সফট্ওয়ারে নৈমিত্তিক ছুটির আবেদন গ্রহণ ও নিষ্পত্তি	সকল কর্মকর্তা/কর্মচারী'র নৈমিত্তিক ছুটির আবেদন ইআরপি সফ্টওয়্যারে গ্রহণ ও নিষ্পত্তি করা হয় মর্মে সভাকে অবহিত করেন।	সকল কর্মকর্তা/কর্মচারী'র নৈমিত্তিক ছুটির আবেদন ইআরপি সফ্টওয়্যারে গ্রহণ ও নিষ্পত্তি করতে হবে এবং আগামী ৩০ জুন ২০২৪ তারিখ পর্যন্ত ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন প্রমাণকসহ প্রেরণ করতে হবে। **বাস্তবায়নে:** সহকারী পরিচালক (কর্মী-প্রশাসন)
৩.৫	জিপিএফ আবেদন নিষ্পত্তি সহজীকরণ	সকল কর্মকর্তা/কর্মচারী'র জিপিএফ আবেদন নিষ্পত্তি সহজীকরণের লক্ষ্যে জিপিএফ আবেদন যথাযথভাবে পূরণপূর্বক সরাসরি সাধারণ শাখায় দাখিল করার জন্য পরিচালক (প্রশাসন) আহবান করেন।	সকল কর্মকর্তা/কর্মচারী'র জিপিএফ আবেদন নিষ্পত্তি সহজীকরণের লক্ষ্যে জিপিএফ আবেদন যথাযথভাবে পূরণপূর্বক সরাসরি সাধারণ শাখায় দাখিল করবেন। নির্ধারিত সময়ের মধ্যে উক্ত আবেদন নিষ্পত্তি করতে হবে। **বাস্তবায়নে:** সহকারী পরিচালক (সাধারণ)

আলোচ্যসূচি গ: ২০২৪-২৫ অর্থবছরের নির্দেশিকা অনুযায়ী কেন্দ্রের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রম নির্ধারণ;

শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২৫ অনুযায়ী কেন্দ্রের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রম বিস্তারিত আলোচনান্তে নির্ধারণ করা হয় যা নিম্নরূপ।

ক্রম	কার্যক্রম	মন্তব্য
১.৫	কর্ম-পরিবেশ উন্নয়ন ক) পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি খ) ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি	
৩.২	কেন্দ্রের ইআরপি সফট্ওয়ারে কর্মকর্তা/কর্মচারীদের অর্জিত ছুটির হিসাব সংরক্ষণ	

৩.৩	কেন্দ্রে পরিচালিত বিভিন্ন কোর্সে নিয়োজিত সহায়ক শ্রমিকদের মজুরি স্ব স্ব ব্যাংক হিসাবে প্রদান	
৩.৪	নিয়মিত রুটের পরিবহনে চলাচলকারী কর্মকর্তা/কর্মচারীকে মেয়াদভিত্তিক ট্রান্সপোর্ট ফেয়ার কার্ড প্রদান	
৩.৫	বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে ব্যবহারের জন্য ভান্ডার হতে সরবরাহকৃত মালামালের মধ্য হতে অব্যবহৃত মালামাল ফেরত প্রদান	২০২৪-২৫ অর্থবছরে প্রকল্প সমাপ্ত না হওয়ায় নতুন কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

সভায় অন্য কোন বিষয়ে আলোচনা না-থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/৫/২০২৪

(মোঃ আশরাফ উদ্দিন)
রেক্টর (সচিব)
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
বিপিএটিসি, সাভার, ঢাকা

কার্যবিবরণী নং-০৫.০১.২৬৭২.১২৬.০৬.০৪০.২৩. ২৬৮

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২৯ মে ২০২৪

বিতরণ: বিতরণ অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অনুষদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা;
২. উপপরিচালক, আরপিএটিসি (সকল);
৩. উপপরিচালক (অর্থ/সেবা), বিপিএটিসি, সাভার, ঢাকা;
৪. রেক্টর এর একান্ত সচিব (রেক্টর মহোদয়ের অবগতির জন্য), বিপিএটিসি, সাভার, ঢাকা;
৫. মেডিক্যাল অফিসার-১, বিপিএটিসি, সাভার, ঢাকা;
৬. সংশ্লিষ্ট নথি।

29.05.2024

(রুমানা তানজিন অন্তরা)
উপপরিচালক (প্রশাসন)
ও
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি